সীমান্তে স্থলমাইন বিস্ফোরণে তিন বাংলাদেশির মৃত্যু



ছবি: সংগৃহীত

কক্সবাজারের নাইক্ষ্যংছড়ি সীমান্তে স্থলমাইন বিস্ফোরণে তিন বাংলাদেশি নাগরিকের মৃত্যু হয়েছে। রোববার (২৪ মে) ঘুমধুম ইউনিয়নের বাইশফাঁড়ি এলাকার ৪২ নম্বর সীমান্ত পিলার সংলগ্ন পাহাড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

বিষয়টি নিশ্চিত করেছেন বিজিবি রামু সেক্টরের সেক্টর কমান্ডার কর্নেল মহিউদ্দিন আহমেদ।

নিহতরা হলেন নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা লেঠাইয়া (৪১), অংক্যামং (৫০) ও চিংক্যা অং (৪০)। তারা সবাই চাকমা সম্প্রদায়ের সদস্য।

স্থানীয় সূত্র জানায়, সকালে পাহাড়ি জমিতে কাজ করার সময় হঠাৎ বিস্ফোরণ ঘটে। এতে ঘটনাস্থলেই তিনজনের মৃত্যু হয়।

ঘটনার পরপরই বিজিবির একটি দল সেখানে পৌঁছায়। মরদেহ উদ্ধারের কাজ চলছে বলে জানানো হয়েছে।

LENS ASIA